



# SOUTHEAST UNIVERSITY

House-64/B, Road-18, Banani, Dhaka-1213

Tel: 55034192, 55034125-28, 55034126, 55034127, Fax: 880-2-55034109, 55034107, E-mail: [info@seu.edu.bd](mailto:info@seu.edu.bd)

Ref: SEU/ACAD/NOTICE/0010/2022

Dated: January 18, 2022

## General NOTICE

### Subject: Covid 19 Vaccination

This is to inform you that Department of Health Service of Bangladesh has set up some **Covid 19 Vaccination booths** for the students of universities as mentioned in the attached letters.

Hence, all Chairs and Program Directors of all academic departments are requested to do the needful so that all students of their departments get vaccinated - at least the first doze -by January 30, 2022.

**Maj Gen Kazi Fakhruddin Ahmed, SPP, psc (Retd)**  
Registrar

**Attachment:** two letters regarding **Covid 19 Vaccination booth for the students** from the Chairman of Bangladesh Private Universities Association and Department of Health Service of Bangladesh

১৬ জানুয়ারী ২০২২

বরাবর  
চেয়ারম্যান  
বোর্ড অব ট্রাস্টিজ  
সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়।

বিষয়ঃ কোভিড-১৯ টিকা কেন্দ্রে বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের জন্য নির্দিষ্ট বুথে ভ্যাকসিন গ্রহণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, সম্প্রতি স্বাস্থ্য অধিদপ্তরের এক বিজ্ঞপ্তিতে কোভিড-১৯ টিকা কেন্দ্রসমূহে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য নির্দিষ্ট বুথ স্থাপনের নির্দেশনা দেয়া হয়েছে। বিজ্ঞপ্তিতে সকল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা দেওয়ার লক্ষ্যে উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, জেলা পর্যায়ে জেলা সদর হাসপাতালের প্রত্যেকটিতে একটি করে বুথ এবং ঢাকা জেলার জন্য ডিএনসিসি করোনা ডেভিকেটেড কোভিড-১৯ হাসপাতালে প্রয়োজনীয় সংখ্যক বুথ নির্দিষ্ট করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।


টিকা গ্রহণের ক্ষেত্রে শিক্ষার্থীদের জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্র ব্যবহার করে সুরক্ষা অ্যাপের মাধ্যমে রেজিস্ট্রেশন করতঃ টিকা দিতে হবে। জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্র না থাকলে তালিকা প্রস্তুতপূর্বক টিকা কার্ডের মাধ্যমে (সংযুক্ত) টিকা দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থাও করা হবে। উল্লেখ্য যে, রেজিস্ট্রেশন ছাড়া টিকা না নিলে টিকার সার্টিফিকেট পাওয়া যাবে না।

বিশ্ববিদ্যালয়ের শ্রেণীকক্ষে সরাসরি পাঠদান ও অন্যান্য অন ক্যাম্পাস কার্যক্রম পরিচালনার জন্য স্বাস্থ্য সুরক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় সংশ্লিষ্ট সকলকে টিকা প্রদানের বিষয়ে বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতি কয়েক দফা পত্র প্রদান করতঃ সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় এবং অধিদপ্তরে অনুরোধ জানিয়েছে।

স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী কোভিড-১৯ টিকা কেন্দ্রের সুনির্দিষ্ট বুথে শিক্ষার্থীদের ভ্যাকসিন গ্রহণের জন্য আপনার বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের পরামর্শ প্রদানের অনুরোধ জানাচ্ছি।

চলমান করোনা পরিস্থিতিতে আপনার সুস্বাস্থ্য ও নিরাপদ অবস্থান কামনা করি।

ধন্যবাদান্তে,



(শেখ কবির হোসেন)

চেয়ারম্যান

বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতি।

অনুলিপিঃ উপাচার্য/রেজিস্ট্রার, সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়।

সংযুক্তিঃ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য কোভিড-১৯ টিকার নির্দিষ্ট বুথ স্থাপন সংক্রান্ত স্বাস্থ্য অধিদপ্তরের বিজ্ঞপ্তি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য অধিদপ্তর  
সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই)  
মহাখালী, ঢাকা-১২১২।



স্মারক নং-স্ব.অধি./ইপিআই/ফিসা-০০৫/কোভিড-১৯/২০২২/২৬৫০

তারিখ: ১০/০১/২০২২খ্রি.

বিষয়: জাতীয় ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান প্রসংগে।

উপযুক্ত বিষয়ের আলোকে আপনার অবপতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয়সহ সমপর্যায়ের অন্যান্য বিশ্ববিদ্যালয়, প্রাইভেট শিক্ষার্থীদের (ও লেভেল / এ লেভেল) কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান করার নিমিত্তে উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, জেলা পর্যায়ে জেলা সদর হাসপাতালে প্রত্যেকটিতে একটি করে বুথ এবং ঢাকা জেলার জন্য ডিএনসিসি করোনা ডেডিকেটেড কোভিড -১৯ হাসপাতালে প্রয়োজনীয় সংখ্যক বুথ নির্দিষ্ট করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে উক্ত শিক্ষার্থীদের জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদপত্র ব্যবহার করে সুরক্ষা এ্যাপসে (surokha Apps) রেজিস্ট্রেশন পূর্বক ভ্যাকসিন প্রদান করতে হবে। জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদপত্র না থাকলে তালিকা প্রস্তুত পূর্বক ভ্যাকসিন কার্ডের মাধ্যমে (সংযুক্ত) ভ্যাকসিন প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে উল্লেখ্য যে, রেজিস্ট্রেশন ছাড়া টিকা গ্রহণ করলে ভ্যাকসিন সার্টিফিকেট পাবেন না। উক্ত বিষয়ে আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য।

মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর মহোদয়ের সদয় অনুমোদনক্রমে পত্রটি প্রেরণ করা হলো।

সংযুক্ত: ভ্যাকসিন কার্ড

(ডা. মোঃ শামসুল হক)

পরিচালক ও লাইন ডাইরেক্টর, এমএনসিএডএইচ  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ও সদস্য সচিব  
কোভিড-১৯ ভ্যাকসিন ব্যবস্থাপনা টাঙ্কফোর্স কমিটি।  
Email: [mncah@ld.dghs.gov.bd](mailto:mncah@ld.dghs.gov.bd)

প্রাপক

১. পরিচালক (স্বাস্থ্য), বিভাগ (সকল);
২. সিভিল সার্জন, জেলা (সকল);
৩. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল);
৪. উপপরিচালক/তত্ত্বাবধায়ক/সুপারিন্টেন্ডেন্ট/সহকারী পরিচালক  
সরকারি জেনারেল হাসপাতাল /জেলা সদর হাসপাতাল  
/২৫০ শয্যা হাসপাতাল (সকল);
৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা (সকল)।